বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এফই সার্কুলার নম্বর-২৬ তারিখঃ ০২ জুলাই, ২০২৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনের সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

**সীমিত মানিচেঞ্জার প্রতিষ্ঠানসমূহের লাইসেন্স প্রাপ্তি, কার্যক্রম পরিচালনা ও নবায়ন সংক্রান্ত নীতিমালা।**

বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রন আইন, ১৯৪৭ (২০১৫ পর্যন্ত সংশোধিত) এর ৩ নম্বর ধারার আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত ডিলার(এডি) লাইসেন্স ইস্যু করা হয়ে থাকে। প্রচলিত ব্যবস্থায় তফসিলি ব্যাংকের শাখা কিংবা তাদের সেন্ট্রাল প্রসেসিং সেন্টারের অনুকূলে অনুমোদিত ডিলার লাইসেন্স ইস্যুসহ তফসিলি ব্যাংকের শাখা/ব্যাংক বুথ, হোটেল, গিফট শপ প্রভৃতি প্রতিষ্ঠানের অনুকূলে সীমিত মানিচেঞ্জার লাইসেন্স ইস্যু করা হয়ে থাকে। সীমিত মানিচেঞ্জার লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদন দাখিল প্রক্রিয়া, লাইসেন্স প্রাপ্তির যোগ্যতা, কার্যপরিধি, লাইসেন্স নবায়ন প্রক্রিয়া ও দায়বদ্ধতাসহ অন্যান্য বিষয়াদির পদ্ধতিসমূহ হবে নিম্নরূপ ঃ-

০২. **সীমিত মানিচেঞ্জার লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনপত্র দাখিলের পদ্ধতিঃ-**
সীমিত মানিচেঞ্জার লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকের ক্ষেত্রে তাদের প্রধান কার্যালয়ের মাধ্যমে এবং অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে এডি ব্যাংকের মাধ্যমে পরিচালক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ (ডিভিশন-২), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

**(ক) অনুমোদিত ব্যাংক শাখা/ব্যাংক বুথের ক্ষেত্রেঃ-**

(i) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংকিং রেগুলেশন এন্ড পলিসি ডিপার্টমেন্ট (বিআরপিডি) কর্তৃক সংশ্লিষ্ট ব্যাংক শাখা/বুথের অনুকূলে প্রদানকৃত অনুমোদন/লাইসেন্সের কপি;

(ii) আবেদনকারী ব্যাংকের শাখায়/বুথে বৈদেশিক লেনদেন সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ লোকবল, অবকাঠামো, নিরাপত্তা ব্যবস্থা, যোগাযোগ/তথ্যপ্রযুক্তি ব্যবহার সংক্রান্ত বিষয়ে বিবরণী (উপযুক্ত প্রমাণাদিসহ);

(iii) বৈদেশিক মুদ্রা বিনিময় সংক্রান্ত লেনদেনের স্বপক্ষে যুক্তি ও প্রযোজ্য প্রমাণাদি।

**(খ) অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ-**

(i) ব্যবসায়ের ধরণ/প্রকৃতি এবং লাইসেন্স গ্রহণের আবশ্যকতার বিষয়ে প্রয়োজনীয় দলিলাদিসহ তথ্য;

(ii) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর কপি;

(iii) ট্যাক্স আইডেনটিফিকেশন নাম্বার (টিআইএন) সনদপত্র, বিজনেস আইডেনটিফিকেশন নাম্বার (বিআইএন) সনদপত্র, ব্যবসা প্রতিষ্ঠানের নামে সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষের আওতায় প্রাপ্ত সকল ধরনের লাইসেন্স/নিবন্ধন/সনদপত্র ইত্যাদির হালনাগাদ কপি;

(iv) আবেদনকারী প্রতিষ্ঠান নিবন্ধিত কোম্পানি হলে উক্ত কোম্পানির নিবন্ধন সনদ, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেলস অব এসোসিয়েশনের কপি ও বিগত বছরের আর্থিক বিবরণী;

(v) প্রতিষ্ঠান নিজ মালিকানাধীন স্থানে অবস্থিত হলে মালিকানা দলিল/ভাড়াকৃত স্থানে অবস্থিত হলে সংশ্লিষ্ট স্থানের মালিকপক্ষের সাথে সম্পাদিত ভাড়াচুক্তির কপি;

(vi) ব্যবসায়িক অভিজ্ঞতার সংক্ষিপ্ত বিবরণীসহ আবেদনকারী প্রতিষ্ঠানের অবকাঠামো, নিরাপত্তা ব্যবস্থা, যোগাযোগ/ তথ্যপ্রযুক্তি ব্যবহারে সক্ষমতা সংক্রান্ত বিষয়ে বিবরণী (উপযুক্ত প্রমাণাদিসহ);

(vii) প্রাথমিক অনাপত্তি পাওয়ার পর লাইসেন্স ফি বাবদ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (পরিচালক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ (ডিভিশন-২), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর অনুকূলে ইস্যুকৃত)।

**০৩. <u>লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের কার্যপরিধিঃ</u>-**

**(ক) অনুমোদিত ব্যাংক শাখা/ব্যাংক বুথের ক্ষেত্রে ঃ-**

(i) ইস্যুকৃত লাইসেন্স কোন অবস্থাতেই হস্তান্তরযোগ্য হবে না;

(ii) বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান তার ব্যবসায়িক স্থান পরিবর্তন করতে পারবে;

(iii) লাইসেন্সপ্রাপ্ত ব্যাংকের শাখা/বুথ বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয়, বিদেশগামী নাগরিকদের পাসপোর্টে ডলার এন্ডোর্সমেন্ট, এনক্যাশমেন্টসহ ইস্যুকৃত লাইসেন্সে উল্লিখিত অন্যান্য লেনদেন করতে পারবে;

(iv) ঢাকা অঞ্চলের অনুমোদিত ব্যাংক শাখা/বুথসমূহ বৈদেশিক মুদ্রায় লেনদেনের মাসিক বিবরণী Guidelines for Foreign Exchange Transactions-2018, Vol-1 এর Appendix-5/2 অনুযায়ী মাসিক ভিত্তিতে তাদের এডি ব্যাংকের মাধ্যমে ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট (ডিভিশন-২), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এবং অন্যান্য অঞ্চলে অবস্থিত লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট কার্যালয় বরাবর রিপোর্ট প্রদান করবে;

(v) লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানকে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত অথবা জারিতব্য সংশ্লিষ্ট সকল নির্দেশনা পরিপালন করতে হবে।

**(খ) অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ-**

(i) লাইসেন্স কোন অবস্থাতেই হস্তান্তরযোগ্য হবে না;

(ii) বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতিরেকে লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান তার ব্যবসায়িক স্থান পরিবর্তন করতে পারবে না;

(iii) লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান তার পণ্য/সেবা বিক্রয়ের বিপরীতে শুধুমাত্র বিদেশী পাসপোর্টধারী নাগরিকদের নিকট হতে নগদ বৈদেশিক মুদ্রা গ্রহণ করতে পারবে। গৃহীত বৈদেশিক মুদ্রা পরবর্তী কর্মদিবসের মধ্যে অনুমোদিত এডি ব্যাংকের মাধ্যমে স্থানীয় মুদ্রায় রূপান্তর করতে হবে। তবে লেনদেনের সুবিধার্থে সর্বোচ্চ ইউএস ডলার ১,০০০.০০ (এক হাজার) অথবা সমমূল্যের অন্যান্য অনুমোদিত বৈদেশিক মুদ্রা সংরক্ষণ করতে পারবে;

(iv) ঢাকা অঞ্চলের অভ্যন্তরে অবস্থিত প্রতিষ্ঠানসমূহ বৈদেশিক মুদ্রায় লেনদেনের মাসিক বিবরনী Guidelines for Foreign Exchange Transactions-2018, Vol-1 এর Appendix-5/1 অনুযায়ী মাসিক ভিত্তিতে তাদের এডি ব্যাংকের মাধ্যমে ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট (ডিভিশন-২), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এবং অন্যান্য অঞ্চলে অবস্থিত লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট কার্যালয় বরাবর রিপোর্ট প্রদান করবে;

(v) লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানকে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত অথবা জারিতব্য সংশ্লিষ্ট সকল নির্দেশনা পরিপালন করতে হবে।

**০৪. <u>লাইসেন্স এর মেয়াদকাল ও নবায়নের পদ্ধতিঃ</u>-**

(ক) ব্যাংক শাখা/বুথ এর ক্ষেত্রে উক্ত লাইসেন্স এর মেয়াদ নবায়নের প্রয়োজন নেই।

(খ) অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে লাইসেন্সের মেয়াদকাল হবে ০২(দুই) বছর। এ সকল প্রতিষ্ঠানকে লাইসেন্স মেয়াদোত্তীর্ণের ০২(দুই) মাস পূর্বে নিম্নোক্ত কাগজপত্রাদিসহ এডি ব্যাংকের মাধ্যমে ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট (ডিভিশন-২), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর এবং অন্যান্য অঞ্চলে অবস্থিত লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট কার্যালয় বরাবরে পরবর্তী ০২(দুই) বছর মেয়াদে নবায়নের জন্য আবেদনপত্র দাখিল করতে হবেঃ-

(i) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর কপি;

(ii) আয়কর কর্তৃপক্ষ কর্তৃক সর্বশেষ নিরূপিত আয়ের সার্টিফিকেট/আয়কর নির্ধারণী আদেশ;

(iii) বিক্রয়কৃত পণ্য বা সেবার বিপরীতে মূসক(ভ্যাট) প্রদানের স্বপক্ষে প্রামানিক দলিলাদি বিগত অর্থ বছরের ভ্যাট পরিশোধের প্রত্যয়নপত্র;

(iv) বিগত এক বছরের বৈদেশিক মুদ্রা লেনদেনের তথ্য;

(v) লাইসেন্স নবায়ন ফি বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা (অফেরতযোগ্য) পরিচালক, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট (ডিভিশন-২), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর প্রতিষ্ঠানটির এডি ব্যাংকে রক্ষিত ব্যাংক হিসাব হতে ইএফটি এর মাধ্যমে এবং ঢাকার বাহিরে অবস্থিত প্রতিষ্ঠানগুলোকে এডি ব্যাংকের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় বরাবরে প্রচলিত পদ্ধতি অনুযায়ী ই-এফটি এর মাধ্যমে জমা দিতে হবে;

(vi) আবেদনকারী প্রতিষ্ঠানের নামে সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষের আওতায় প্রাপ্ত সকল ধরনের লাইসেন্স/নিবন্ধন/সনদপত্র ইত্যাদির হালনাগাদ কপি;

(vii) প্রতিষ্ঠান নিজ মালিকানাধীন স্থানে অবস্থিত হলে মালিকানা দলিল/ভাড়াকৃত স্থানে অবস্থিত হলে সংশ্লিষ্ট স্থানের মালিকপক্ষের সাথে সম্পাদিত হালনাগাদ ভাড়াচুক্তির কপি;

**০৫. <u>বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্স প্রদান/প্রত্যাখ্যান ও পরিদর্শনের ক্ষমতাঃ-</u>**

বাংলাদেশ ব্যাংক আবেদনকারী ব্যাংক শাখা/বুথ এবং অন্যান্য প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করতে পারবে। পরিদর্শনকালীন সময়ে বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলকে সার্বিক সহযোগিতা করার উদ্দেশ্যে বৈদেশিক মুদ্রায় লেনদেনের তথ্য ও প্রামাণিক দলিলাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

০৬. লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ তাদের ওপর অর্পিত দায়িত্ব পরিপালনে ব্যর্থ হলে এবং/ অথবা বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রন আইন, ১৯৪৭ এর আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নির্দেশনা পরিপালনে ব্যর্থ হলে অথবা রাষ্ট্রবিরোধী কর্মকান্ডে অভিযুক্ত হলে, কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ইতঃপূর্বে প্রদত্ত লাইসেন্স বাতিলের ক্ষমতা বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে।

০৭. মানিলন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের লক্ষ্যে লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানকে দেশের প্রচলিত আইন, বিধিমালা এবং সময়ে সময়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক জারিকৃত সার্কুলার, সার্কুলার লেটার ও অন্যান্য নির্দেশনার পরিপালন নিশ্চিত করতে হবে।

০৮. গ্রাহকদের সহজে দৃষ্টিগোচর হয় এরূপ স্থানে বাংলা ও ইংরেজি ভাষায় স্পষ্টাক্ষরে লিখিত নোটিশ বোর্ড স্থাপন করতে হবে যেখানে লাইসেন্সসহ সীমিত মানি চেঞ্জার বিষয়ক বিজ্ঞপ্তি এবং বৈদেশিক মুদ্রায় দৈনিক বিনিময় হার উল্লেখ থাকবে;

০৯। সীমিত বৈদেশিক মুদ্রা লেনদেন পরিচালনার লাইসেন্স প্রদান বা প্রত্যাখানের ক্ষমতা বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে।

সংশ্লিষ্ট সকলকে উপরোক্ত নির্দেশনা অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

( মনোয়ার উদ্দিন আহমেদ)
পরিচালক
ফোনঃ-৯৫৩০১১৯